



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০.০১৫.২৫.০০০১.২৪.৬

তারিখ: ৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: “Satellite-Based Agricultural Analysis Using Google Earth Engine (GEE)” শীর্ষক প্রশিক্ষণে
অংশগ্রহণের নিমিত্ত বিজ্ঞানী/কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।**

বাংলাদেশে কৃষি গবেষণা ও উন্নয়নে স্যাটেলাইট ডেটা ও জিওস্পেশাল প্রযুক্তির ব্যবহার ক্রমেই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। বিশেষ করে Google Earth Engine (GEE) প্ল্যাটফর্ম ব্যবহার করে বৃহৎ পরিসরের স্যাটেলাইট ডেটা বিশ্লেষণ, ল্যান্ড ইউজ ও ল্যান্ড কাভার (LULC) মানচিত্র প্রণয়ন, ফসল উৎপাদন ম্যাপ, ফসল পর্যবেক্ষণ, নর্মালাইজড ডিফারেন্স ভেজিটেশন ইনডেক্স (NDVI) বিশ্লেষণ, খরা পর্যবেক্ষণ, জলবায়ু বিশ্লেষণ এবং কৃষি উৎপাদন পূর্বাভাস প্রদান করা সম্ভব। আধুনিক স্মার্ট ও জলবায়ু সহনশীল কৃষি ব্যবস্থাপনায় রিমোট সেন্সিং ও ক্লাউড-ভিত্তিক জিওস্পেশাল প্রযুক্তির কার্যকর প্রয়োগ নিশ্চিত করতে বিএআরসি, ডিএই এবং নার্সভুক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানী/কর্মকর্তাদের GEE এবং স্যাটেলাইট ডেটা বিশ্লেষণ বিষয়ে দক্ষতা বৃদ্ধি একান্ত প্রয়োজন। এ প্রেক্ষিতে, কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত “Program on Agriculture and Rural Transformation for Nutrition, Entrepreneurship, and Resilience in Bangladesh (PARTNER), APCU-BARC” শীর্ষক প্রকল্পের আওতায় দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে বিএআরসি’র কম্পিউটার ও জিআইএস ইউনিটের উদ্যোগে “Satellite-Based Agricultural Analysis Using Google Earth Engine (GEE)” বিষয়ক ৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণটি আগামী ১০/০৫/২০২৬ হতে ১৪/০৫/২০২৬ পর্যন্ত প্রতিদিন সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত বিএআরসি’র কম্পিউটার ও জিআইএস ইউনিটের কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিত হবে।

উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত আপনার প্রতিষ্ঠানের জিওস্পেশাল ডাটা এনালিসিস কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট নিম্নবর্ণিত সংখ্যক বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দের মনোনয়ন (নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল) আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ই-মেইল (al.helal@barc.gov.bd) অথবা WhatsApp (০১৯১৪৩৪৬৪৬৪) নম্বরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে ল্যাপটপসহ (ন্যূনতম ৮ জিবি র‍্যাম সংবলিত) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

ক্রম	দপ্তর / সংস্থার নাম	মনোনয়নের সংখ্যা
১.	বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।	৪ জন
২.	বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।	৩ জন
৩.	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।	২ জন
৪.	মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।	২ জন
৫.	বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।	১ জন
৬.	বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।	১ জন
৭.	বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।	১ জন
৮.	বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর।	১ জন
৯.	তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি), ফার্মগেট, ঢাকা।	১ জন
১০.	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।	১ জন
১১.	বাংলাদেশ প্রাণীসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাতার, ঢাকা।	১ জন
১২.	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।	২ জন

১৯-০৪-২০২৬

ড. মোঃ আবদুহু ছালাম

নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)

ফোন : +৮৮০২-৪১০২৫২৫২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ২। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
- ৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৪। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট।
- ৫। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৬। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট।
- ৭। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর।
- ৮। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই)।
- ৯। নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।
- ১০। মহাপরিচালক (সা.দা.), মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট।
- ১১। মহাপরিচালক (সা. দা.), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এবং
- ১২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালকের দপ্তর, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০০০.০১৫.২৫.০০০১.২৪.৬/১ (২)

তারিখ: ৬ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং
- ২। একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।



Jalam

১৯-০৪-২০২৬

ড. মোঃ আবদুছ ছালাম
নির্বাহী চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)